

Estate Office  
University of Dhaka  
Dhaka -1000, Bangladesh.  
Phone: 9661900-73/4196, 4195  
Fax: +880-2-9667222  
Email:estateoffice.du@gmail.com



এস্টেট অফিস  
ঢাকা বিশ্ববিদ্যালয়  
ঢাকা-১০০০, বাংলাদেশ  
ফোনঃ ৯৬৬১৯০০-৭৩/এক্স-৪১৯৬,৪১৯৫  
ফ্যাক্সঃ ০২-৯৬৬৭২২২  
Email:estateoffice.du@gmail.com

নং এস্টেট/ ১৫৪৮৯-৬৮৮

তারিখ: ২৯ চৈত্র ১৪৩২  
১২ এপ্রিল ২০২৬

## বিজ্ঞপ্তি

(শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের নিকট থেকে বাসা বরাদ্দের আবেদন আহবান প্রসঙ্গে)

১. সকল অনুষদের ডিন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
২. সকল হল ও হোস্টেলের প্রাধ্যক্ষ ও ওয়ার্ডেন, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৩. প্রক্টর, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৪. সকল বিভাগীয় চেয়ারম্যান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৫. সকল ইনস্টিটিউটের পরিচালক, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৬. সকল অফিস প্রধান, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৭. পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয় (বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য আদিষ্ট হয়ে অনুরোধ করা হলো)।
৮. অধ্যক্ষ, ইউনিভার্সিটি ল্যাবরেটরী স্কুল ও কলেজ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
৯. সকল ডেপুটি রেজিস্ট্রার, ঢাকা বিশ্ববিদ্যালয়।
১০. সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি।
১১. সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় অফিসার্স এসোসিয়েশন।
১২. সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় কর্মচারী সমিতি।
১৩. সভাপতি, ঢাকা বিশ্ববিদ্যালয় কারিগরী কর্মচারী সমিতি।
১৪. সভাপতি, ৪র্থ শ্রেণি কর্মচারী ইউনিয়ন, ঢাকা বিশ্ববিদ্যালয়।

মহোদয়,

আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন আবাসিক এলাকায় শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীদের জন্য নির্ধারিত যে সকল বাসা/টিনসেড বাসা/সিট খালি আছে/খালি হবে সে সকল বাসা বরাদ্দ/বদলী বরাদ্দ দেওয়ার নিমিত্তে পয়েন্ট গণনা করে একটি প্যানেল প্রস্তুত করা হবে। তাই বিভিন্ন আবাসিক এলাকায় বাসা/টিনসেড বাসা/সিট বরাদ্দ/বদলী বরাদ্দ পাওয়ার জন্য আগ্রহী শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীগণ ১৫ এপ্রিল ২০২৬ তারিখ হতে যে কোনো সময় আবেদন করতে পারবেন।

১. বাসা বরাদ্দ পাওয়ার জন্য বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে আগামী ১৫ এপ্রিল ২০২৬ তারিখ হতে যে কোনো সময় ঢাকা বিশ্ববিদ্যালয়ের নিজস্ব ওয়েব সাইটে [www.du.ac.bd](http://www.du.ac.bd) লগ-ইন করে আবেদনকারীর নিজস্ব প্রোফাইল হতে Apply for flat allotment লিংকে আবেদন করতে হবে।
২. গত ৩১ মার্চ ২০২৬ বা তার পূর্বে যে সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী বাসা পাওয়ার জন্য আবেদন করেছেন কিন্তু বাসা বরাদ্দ পাননি তাদেরকে পুনরায় বাসা বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করতে হবে।
৩. যে সকল শিক্ষক/কর্মকর্তা/কর্মচারী বিশেষ বিবেচনায় বাসা বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করবেন তাদেরকে অবশ্যই অনলাইনে বাসা বরাদ্দ পাওয়ার জন্য আবেদন করত: সাদা কাগজে কোষাধ্যক্ষ মহোদয়ের বরাবরে আবেদন করতে হবে। অন্যথায় তাদের আবেদন বিবেচনা করার জন্য বাসা বরাদ্দ কমিটির সভায় উপস্থাপন করা হবে না।
৪. বাসা বরাদ্দ/বদলী বরাদ্দ পাওয়ার পর দখল নেওয়ার ২ (দুই) বছর উত্তীর্ণ না হলে বাসা বদলীর জন্য আবেদন বিবেচনা করা হবে না।

অতএব, আপনার অনুষদ/হল/বিভাগ/দপ্তরে কর্মরত শিক্ষক/কর্মকর্তা/কর্মচারীকে অত্র বিজ্ঞপ্তির বিষয়ে অবহিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে সবিনয় অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,  
স্বাক্ষরিত:  
ফাতেমা বিনতে মুস্তফা  
এস্টেট ম্যানেজার  
ঢাকা বিশ্ববিদ্যালয়